# বাংলাদেশ সুপ্রীম কোর্ট

## হাইকোর্ট বিভাগ

(২০২৫ইং সনের **২৩৮** নং গঠনবিধি)

আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ২৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি. তারিখ রোজ **রবিবার** হইতে ১৬ অক্টোবর, ২০২৫ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার পর্যন্ত হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত অবকাশকালীন বেঞ্চসমূহ গঠন করা হইলঃ

১. **বিচারপতি খিজির আহমেদ চৌধুরী**
**এবং**
**বিচারপতি সৈয়দ হাসান যুবাইর**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট, সম্পূরক শুল্ক, কাস্টমস, ইনকামট্যাক্স, আর্থিক প্রতিষ্ঠান ও অর্থঋণ আইন সংক্রান্ত বিষয়াদিসহ অতীব জরুরী সকল প্রকার রীট মোশন ও তৎসংক্রান্ত শুনানী; ২০০৯ ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন/আপীলসহ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ডি অনুযায়ী আপীল শুনানী; শুনানীর জন্য হাইকোর্ট বিভাগ ও উহার অধীনস্থ আদালতসমূহের অবমাননার অভিযোগপত্রসমূহ গ্রহণ করিবেন; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

২. **বিচারপতি মুহম্মদ মাহবুব-উল ইসলাম**
**এবং**
**বিচারপতি আজিজ আহমদ ভূঞা**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইন সংক্রান্ত বিষয়াদিসহ ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য অতীব জরুরী সকল প্রকার ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

স্বাঃ/-
বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি
তারিখঃ ২৩ সেপ্টেম্বর, ২০২৫খ্রিঃ

প্রচারের জন্যঃ

১. বিচারপতি খিজির আহমেদ চোধুরী

২. বিচারপতি মুহম্মদ মাহবুব-উল ইসলাম

৩. বিচারপতি আজিজ আহমদ ভূঞা

৪. বিচারপতি সৈয়দ হাসান যুবাইর